



উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়



চাকা বিশ্ববিদ্যালয়

৩১ অক্টোবর ২০২২ সোমবার সকাল ০৮:৩০ মিনিটে উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থীদের প্রবেশপত্র বিতরণ ও দু'আ অনুষ্ঠান বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতির আসন অলংকৃত করে গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন বিদ্যালয়ের অধ্যক্ষ জনাব জহুরা বেগম। উচ্চ মাধ্যমিক শাখার সমন্বয়কারী সহকারী অধ্যাপক জনাব মোছাঃ আছমা খাতুন ও সহকারী অধ্যাপক জনাব মুহাম্মদ আরিফুর রহমান পরীক্ষার্থীদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। পবিত্র ধর্মগ্রন্থ পাঠের মাধ্যমে অনুষ্ঠানের কার্যক্রম শুরু হয়। কোরআন তেলাওয়াত করেন মোঃ ইসমাইল, গীতা পাঠ করেন স্বর্ণালী বিশ্বাস। অনুষ্ঠানে পরীক্ষার্থীদের পক্ষ থেকে দুজন শিক্ষার্থী এবং দ্বাদশ শ্রেণির পক্ষ থেকে দুজন শিক্ষার্থী বক্তব্য প্রদান করে। দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী সুমাইয়া ইসলাম পরীক্ষার্থীদের উদ্দেশ্যে মানপত্র পাঠ করে। অধ্যক্ষ মহোদয় চূড়ান্ত বিশেষ অনুশীলন - ২০২২ এ ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী মেধাবী শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেন। মুনাজাত পরিচালনা করেন সহকারী অধ্যাপক জনাব মোহাম্মদ আরুল মুনসুর উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন। সবশেষে সংশ্লিষ্ট শ্রেণিশিক্ষকগণ স্ব স্ব শ্রেণিকক্ষে পরীক্ষার্থীদের মাঝে প্রবেশপত্র ও উপহারসামগ্রী বিতরণ করেন।



এইচএসসি পরীক্ষার্থীদের প্রবেশপত্র বিতরণ ও দু'আ অনুষ্ঠানে উপস্থিত অধ্যক্ষ মহোদয়, সমন্বয়কারীবৃন্দ ও শিক্ষক প্রতিনিধি



এইচএসসি পরীক্ষার্থীদের প্রবেশপত্র বিতরণ ও দু'আ অনুষ্ঠানে কোরআন তেলাওয়াত করেন দ্বাদশ শ্রেণির
ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থী মোঃ ইসমাইল



গীতা পাঠ করেন বিজ্ঞান শাখার শিক্ষার্থী স্বর্গালী বিশ্বাস



দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী সুমাইয়া ইসলাম পরীক্ষার্থীদের উদ্দেশ্যে মানপত্র পাঠ করে।



বিদায়ী শিক্ষার্থীদের পক্ষ থেকে অনুভূতি প্রকাশ করেন ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থী শেখ সাফওয়ান আব্দুল্লাহ



বিদ্যার্থী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তব্য রাখছে দ্বাদশ শ্রেণির বিজ্ঞান শাখার শিক্ষার্থী আফসানা তাসনিম



বিদ্যায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তব্য রাখছে দাদশ শ্রেণির ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থী মোঃ ইয়াজউদ্দিন
চৌধুরী



এইচএসসি পরীক্ষার্থীদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য রাখছেন বিদ্যালয়ের উচ্চ মাধ্যমিক শাখার
সমন্বয়কারী এবং জীববিজ্ঞান বিষয়ের সহকারী অধ্যাপক মোছাঃ আছমা খাতুন



এইচএসসি পরীক্ষার্থীদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য রাখছেন ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা বিষয়ের
সহকারী অধ্যাপক মুহাম্মদ আরিফুর রহমান



এইচএসসি পরীক্ষার্থীদের উদ্দেশ্যে উপদেশ ও দিকনির্দেশনামূলক বক্তব্য রাখছেন
বিদ্যালয়ের অধ্যক্ষ জহুরা বেগম



বিজ্ঞান শাখার মেধাবী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করছেন বিদ্যালয়ের অধ্যক্ষ জহরা বেগম



ব্যবসায় শিক্ষা শাখার মেধাবী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করছেন বিদ্যালয়ের অধ্যক্ষ জহরা বেগম